বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১৬

১৪ আষাঢ় ১৪২৩ বঙ্গাব্দ
তারিখঃ -----------------------
২৮ জুন ২০১৬ খ্রীষ্টাব্দ

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**দেশের আমদানি ও রপ্তানি বাণিজ্য সচল রাখার স্বার্থে আসন্ন ঈদ-উল-ফিতর এর পূর্বে কাস্টম স্টেশন সংশ্লিষ্ট ব্যাংক শাখাসমূহ খোলা রাখা প্রসঙ্গে**

জাতীয় রাজস্ব বোর্ড, দেশের আমদানি ও রপ্তানি বাণিজ্য সচল রাখার লক্ষ্যে আগামী ০১ জুলাই ২০১৬ তারিখ হতে ০৯ জুলাই ২০১৬ তারিখ পর্যন্ত সাপ্তাহিক ছুটিসহ ঈদ ছুটির সময় অর্থাৎ ঈদের দিন এবং ০৮ জুলাই ও ০৯ জুলাই ২০১৬ তারিখ (০৩ দিন) ব্যতীত অপরাপর দিনগুলোতে চট্টগ্রাম, আইসিডি কমলাপুর, ঢাকা, মংলা, বেনাপোল ও পানগাঁও কাস্টম হাউসগুলো খোলা রাখার সিদ্ধান্ত গ্রহণ করেছে। উল্লেখ্য, ইতোপূর্বে জারীকৃত ০৭ ডিসেম্বর ২০০৬ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-১৮ মোতাবেক বর্তমানে বিমান, সমুদ্র/নৌ ও স্থল বন্দরসহ তফসিলি ব্যাংকের এডি শাখাসমূহ সাপ্তাহিক ছুটির দিন শুক্রবার ও শনিবার খোলা রাখার নির্দেশনা বহাল রয়েছে।

০২। এমতাবস্থায়, বর্ণিত সার্কুলারের নির্দেশনার পাশাপাশি দেশের আমদানি ও রপ্তানি বাণিজ্য সচল রাখার স্বার্থে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক উপর্যুক্ত কাস্টম স্টেশন সংশ্লিষ্ট তফসিলি ব্যাংকের শাখাসমূহ আগামী ০৩ জুলাই ২০১৬ তারিখ হতে ঈদের পূর্বদিন পর্যন্ত খোলা রাখার নির্দেশনা দেয়া হ'ল।

০৩। উল্লিখিত ছুটির দিনগুলোতে অফিসের কাজে যোগদানকারী কর্মকর্তা/কর্মচারীদেরকে যুক্তিসংগত ভাতা প্রদানের জন্যও আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/-
(মোঃ ইব্রাহিম ভূঁইয়া)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০২০৭